



রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ  
শাহজাদপুর, সিরাজগঞ্জ

Rabindra University, Bangladesh  
Cell : 01711 24 74 84  
E-mail : rabindrauniversity2017@gmail.com  
Web Site : www.rub.ac.bd



স্মারক : রবিবা/প্রশা/গবেষণা (রাজস্ব)/৬৫৫/২০২১/

তারিখ : ০৪.০৭.২০২২

## বিজ্ঞপ্তি

রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর ২০২২-২০২৩ অর্থবছরে রাজস্ব বাজেটের অর্থায়নে গবেষণা (বিশেষ) খাতে গবেষণাকর্ম সম্পাদনের জন্য বিশ্ববিদ্যালয়ের আগ্রহী শিক্ষকবৃন্দের নিকট হতে গবেষণা প্রস্তাব আহ্বান করা যাচ্ছে। আগ্রহী শিক্ষকবৃন্দকে আগামী ২৮শে জুলাই ২০২২ তারিখের মধ্যে গবেষণা প্রস্তাবের শিরোনাম ও সার-সংক্ষেপসহ নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি : গবেষণাকর্ম সম্পাদনের নিয়মাবলি (০১ পাতা)।

মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে-

স্বাক্ষরিত/-

(মোঃ সোহরাব আলী)

রেজিস্ট্রার

রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ

তারিখ : ০৪.০৭.২০২২

স্মারক : রবিবা/প্রশা/গবেষণা (রাজস্ব)/৬৫৫/২০২১/৩৭৭

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. চেয়ারম্যান, বাংলা/সাংস্কৃতিক ঐতিহ্য ও বাংলাদেশ অধ্যয়ন/অর্থনীতি/ম্যানেজমেন্ট স্টাডিজ/সংগীত বিভাগ, রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
২. পরিচালক, অর্থ ও হিসাব দপ্তর, রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
৩. উপপরিচালক (চলতি দায়িত্ব) পরিকল্পনা ও উন্নয়ন দপ্তর, রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
৪. ....দপ্তর, রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
৫. সংশ্লিষ্ট কর্মকর্তা, মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয়ের দপ্তর, রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ (মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ✓ ৬. সহকারী প্রোগ্রামার, রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ (ওয়েবসাইট-এ আপলোড করার অনুরোধসহ)
৭. নোটিশ বোর্ড
৮. সংশ্লিষ্ট নথি।

  
০৪.০৭.২০২২

(অরিন্দম জোদার)

সেকশন অফিসার

রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ



রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ  
শাহজাদপুর, সিরাজগঞ্জ

Rabindra University, Bangladesh  
Cell : 01711 24 74 84  
E-mail : rabindrauniversity2017@gmail.com  
Web Site : www.rub.ac.bd



### গবেষণাকর্ম সম্পাদনের নিয়মাবলি

১. এই গবেষণাকর্মটি রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর অধীনে 'বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন' কর্তৃক বরাদ্দকৃত ২০২২-২০২৩ অর্থবছরের বাজেটের অর্থায়নে পরিচালিত হবে। সেক্ষেত্রে কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বাজেটের মধ্যে গবেষণাকর্ম সম্পাদন করতে হবে।
২. আগ্রহী গবেষককে বিশ্ববিদ্যালয়ের পূর্ণকালীন শিক্ষক হতে হবে।
৩. নির্ধারিত সময়ের মধ্যে গবেষণার শিরোনাম, গবেষণার ক্ষেত্র (প্রযোজ্য ক্ষেত্রে), পদ্ধতি, গবেষণার বিস্তারিত কর্ম-পরিকল্পনা, সার-সংক্ষেপ, সম্ভাব্য বাজেট, তথ্যসূত্র ইত্যাদি উল্লেখপূর্বক পূর্ণাঙ্গ গবেষণা প্রস্তাব দাখিল করতে হবে।
৪. গবেষকের গবেষণা প্রস্তাব কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হলে অনুমোদিত অর্থের বিস্তারিত ব্যয় বিল ভাউচারসহ বিশ্ববিদ্যালয়ের অর্থ ও হিসাব দপ্তরে প্রেরণ করতে হবে। উল্লেখ্য গবেষক গবেষণার জন্য অনুমোদিত অর্থের এক-তৃতীয়াংশ গবেষণার শুরুতে অগ্রিম হিসেবে নিতে পারবেন।
৫. গবেষকের গবেষণাকর্মটি অবশ্যই মৌলিক হতে হবে এবং কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত অন্য কোথাও প্রকাশিত হবে না এই মর্মে লিখিত বিবৃতি প্রদান করতে হবে।
৬. লেখায় বাংলা একাডেমির প্রমিত বানাননীতি অনুসরণ করতে হবে। তবে উদ্ধৃতির ক্ষেত্রে মূল বানানের পরিবর্তন হবে না।
৭. গবেষণা পাণ্ডুলিপিটি কম্পিউটারে মুদ্রিত হতে হবে। এক্ষেত্রে বাংলা কম্পোজের ক্ষেত্রে 'Unicode NikoshBan'-১২ ফন্ট অথবা 'SutonyMJ'-১২ ফন্ট এবং ইংরেজি 'Times New Roman'-১১ ফন্ট-এ হতে হবে। এতদব্যতীত ন্যূনতম ১.৫ ফাঁক রেখে দুই দিকে সমতা (Justified) বিধান করে কম্পোজ করতে হবে।
৮. লেখাটির সঙ্গে অবশ্যই প্রবন্ধের সার-সংক্ষেপ (Abstract) অনধিক ১৫০ শব্দের মধ্যে লিখতে হবে এবং লেখার পাদটীকায় ও তথ্যপঞ্জিতে লেখক, প্রকাশক, গ্রন্থের প্রকাশকাল, স্থান ও পৃষ্ঠা এবং সাময়িকীর ক্ষেত্রে রচয়িতা, রচনার নাম, সাময়িকীর নাম, খণ্ড ও ইস্যু সংখ্যা এবং পৃষ্ঠা নম্বর প্রচরিত প্রমিত নিয়ম (Standard) অনুসারে উল্লেখ করতে হবে।
৯. গবেষক গবেষণাকর্ম সম্পাদন করে চূড়ান্ত প্রতিবেদনের (হার্ডকপি এবং সফটকপি) ০১ (এক) কপি প্রেরণ করবেন। পরবর্তীতে রিভিউয়ার কর্তৃক রিভিউ হওয়ার পর গবেষণাকর্মের ০৩ (তিন) টি হার্ডকপি (থিসিস বাইন্ডিং আকারে) এবং সফটকপি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দপ্তরের একাডেমিক শাখায় প্রেরণ করবেন।
১০. গবেষণাকালীন যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে আরোপিত নিয়মাবলি গবেষক অবশ্যই মেনে চলবেন।